

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
প্রশাসন শাখা (সেবা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয় : মহান বিজয় দিবস ২০২০, উদযাপন উপলক্ষ্যে কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী  
সচিব  
নৌপরিবহন মন্ত্রণালয়।  
সভার তারিখ : ০৭-১২-২০২০  
সময় : বিকাল ০৩.৩০ মি.  
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক'।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। একই সাথে তিনি বাংলাদেশের সকল শহীদ মুক্তিযোদ্ধার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণী উপস্থাপন করেন। তিনি জানান যে, করোনা ভাইরাসজনিত ঝুঁকি থাকায় বড় ধরনের জনসমাগম হওয়ার কারণে জাতীয় কুচকাওয়াজ অনুষ্ঠানটি এ বছরের কর্মসূচিতে রাখা সম্ভব নয় মর্মে সদয় হয়ে মাননীয় প্রধানমন্ত্রী অনুশাসন প্রদান করেছেন। অন্যান্য কর্মসূচিগুলোও সীমিত আকারে করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা দিয়েছেন।

২। এ পর্যায়ে সভাপতি ঢাকাস্থ দপ্তর/সংস্থার উপস্থিত প্রতিনিধি এবং ঢাকার বাইরের দপ্তর/সংস্থার প্রতিনিধিদের সাথে জুম ভিডিও কনফারেন্সে করোনা ভাইরাসজনিত ঝুঁকির মধ্যে সীমিত আকারে মহান বিজয় দিবস উদযাপনের বিষয়ে মতামত জানতে চান। সভায় উপস্থিত প্রতিনিধিদের মতামত এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

৩। সিদ্ধান্ত :

- ১) মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে সকল দপ্তর/সংস্থা ও এর অধীন সকল বন্দর, জাহাজ/নৌযানগুলোতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন করতে হবে।
- ২) আগামী ১৫-১২-২০২০ এবং ১৬-১২-২০২০ তারিখ সকল দপ্তর/সংস্থার ভবন, বন্দর, জাহাজ ও নৌযান/স্থাপনাসমূহে আলোকসজ্জা করা হবে।
- ৩) সকল দপ্তর/সংস্থার বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করতে হবে।
- ৪) বিআইডব্লিউটিএ এর অডিটোরিয়ামে ১৬ই ডিসেম্বর সকাল ১১.০০ টায় আলোচনা সভার আয়োজন করা হবে। নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাগণ এ সভায় অংশগ্রহণ করবে এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ সরাসরি অংশগ্রহণ করবে, ঢাকার বাইরের দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জুম ভিডিও কনফারেন্সে সভায় অংশগ্রহণ করতে পারবেন। আলোচনা সভা বাস্তবায়নে : বিআইডব্লিউটিএ।

R.S.

৫) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার ধর্মীয় উপাসনালয়ে জাতির পিতা সহ সকল শহীদের জন্য দোয়ার আয়োজন করবে এবং আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্রে/হাসপাতাল/চিকিৎসা কেন্দ্রে উন্নতমানের খাবার সরবরাহ/পরিবেশনের ব্যবস্থা নিবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ দিয়ে সভা শেষ করেন।

স্বাঃ

০৮-১২-২০২০

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)

সচিব

নৌপরিবহন মন্ত্রণালয়

নথি নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৭ (অংশ-১)-১৬৫৯


তারিখঃ ১০-১২-২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্তবক।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
- ৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
- ৬। উপসচিব/উপপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৮। সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
- ১১। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার/সহকারী ম্যানটেইন্যান্স ইঞ্জিনিয়ার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
- ১৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপসচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

  
২০.১২.২০২০  
রেবেকা সুলতানা

উপসচিব

ফোন : ৯৫১৫৫৫১